

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - তায়াম্মুম

### আরবী

وَعَن عمار بن يَاسر: أَنَّهُ كَانَ يُحَدِّثُ أَنَّهُمْ تَمَسَّحُوا وَهُمْ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالصَّعِيدَ ثُمَّ مَسَحُوا وُجُوههم مَسْحَةً وَسَلَّمَ بِالصَّعِيدَ ثُمَّ مَسَحُوا وُجُوههم مَسْحَةً وَاحِدَةً ثُمَّ عَادُوا فَضَرَبُوا بِأَكُفِّهِمُ الصَّعِيدَ مَرَّةً أُخْرَى فَمَسَحُوا بِأَيْدِيهِمْ كُلِّهَا إِلَى وَاحِدَةً ثُمَّ عَادُوا فَضَرَبُوا بِأَكُفِّهِمُ الصَّعِيدَ مَرَّةً أُخْرَى فَمَسَحُوا بِأَيْدِيهِمْ كُلِّهَا إِلَى الْمَنَاكِبِ وَالْآبَاطِ مِنْ بُطُونِ أَيْدِيهِمْ. رَوَاهُ أَبُو دَاوُدَ

#### বাংলা

৫৩৬-[১১] 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, একবার তারা রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে অবস্থানকালে পানি না থাকার কারণে ফজরের (ফজরের) সালাতের জন্য মাটি দিয়ে মাসাহ করলেন। তারা তাদের হাতকে মাটিতে মারলেন, তারপর একবার তাদের চেহারা মাসাহ করলেন। আবার মাটিতে হাত মারলেন এবং সম্পূর্ণ হাত বাহুমূল পর্যন্ত এবং হাতের ভিতর দিকে বগল পর্যন্ত মাসাহ করলেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩১৮। যদিও মুন্যিরী হাদীসটি মুন্কাতি' বলেছেন। কিন্তু নাসায়ী, আবূ দাউদ হাদীসটি মাওসূল সূত্রে বর্ণনা করেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস প্রমাণ করে যে, তায়াম্মুমের ক্ষেত্রে দু' বার হাত মাটিতে মারতে হবে। প্রথমবার চেহারার জন্য, দ্বিতীয়বার দু' হাতের জন্য। আর দু' হাত কনুই ও বগল সহকারে মাসাহ করবে। এ হাদীস সম্পর্কে শায়খুল হাদীস মুহাঃ ইসহাক দেহলভী বলেনঃ এটি ইসলামের শুরুতে সাহাবীগণের ক্বিয়াস ছিল নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বয়ানের পূর্বে। অতঃপর যখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বয়ান করলেন, তখন তারা তায়াম্মুমের নিয়ম বুঝতে পারলেন।



সাহাবী 'আম্মার (রাঃ) বলেনঃ আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তায়াম্মুম করেছি কাঁধ ও বগল পর্যন্ত। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত হয়েছে, চেহারা ও দু' কজির কথা। আর দু' হাদীসের মধ্যে কোন বিরোধ নেই, কারণ 'আম্মার (রাঃ) উল্লেখ করেননি যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এরূপ আদেশ করেছেন। তিনি বলেছেন যে, আমরা এরূপ এরূপ করেছি। কিন্তু এটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আদেশ ছিল না। অতঃপর যখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হয় তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আদেশ করেন চেহারা ও দু' কজি মাসাহ করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন